মাদকবিরোধী বিশেষ সম্মাননা পেয়েছেন অরূপরতন চৌধুরী

মাদক বিরোধী আন্দোলনে অসামান্য অবদানের জন্য Athena লিমিটেড কর্তৃক বিশেষ সম্মাননা পেয়েছেন বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরূপরতন চৌধুরী।

মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৪ উপলক্ষে ১০ জুলাই, বুধবার সিরডাপ মিলনায়তনে অনুষ্ঠিত মাদকবিরোধী একটি আলোচনা অনুষ্ঠানে স্থানীয় সরকার ও সমবায় মন্ত্রী মোহাম্মদ তাজুল ইসলাম, এমপি এর হাত থেকে উক্ত সম্মাননা গ্রহণ করেন অরূপরতন চৌধুরী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সংসদ সদস্য জারা জাবিন মাহাবুব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান, এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মনোরোগ বিশেষজ্ঞ ও ইউএস বাংলা মেডিকেল কলেজের অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল মো. আজিজুল ইসলাম।

উল্লেখ, বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরূপরতন চৌধুরী প্রায় ৪০ বছর যাবৎ বাংলাদেশে মাদক ও তামাক বিরোধী কার্যক্রম পরিচালনা করছেন। মাদক বিরোধী বিভিন্ন গ্রন্থ লেখাসহ, পত্রিকায় সম্পাদকীয় বিভাগে নিয়মিত লেখেন। বাংলাদেশে টেলিভিশনে ‘মাদক কে না বলুন’ শিরোনামে মাদক বিরোধী সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান পরিচালনা করছেন। এছাড়াও তিনি বিভিন্ন শর্টফিল্ম তৈরি করেছেন এবং দেশে প্রথম মাদকবিরোধী পূর্ণদৈর্ঘ্য বাংলা সিনেমা ‘স্বর্গ থেকে নরক’ পরিচালনা করেছেন। মাদকের আগ্রাসন থেকে তরুণদের সুরক্ষায় ১৯৮৯ সালে তিনি প্রতিষ্ঠা করেন ‘মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস)।’ সামাজিক কর্মকান্ডে অবদানের স্বীকৃতি স্বরুপ ২০২৫ সালে দ্বিতীয় সর্বোচ্চ রাষ্ট্রীয় পুরুস্কার ‘একুশে পদক’ লাভ করেন তিনি। এছাড়া বিশ^ স্বাস্থ্য সংস্থার ‘টোব্যাকো অর হেলথ মেডেল’সহ দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে অসংখ্য স্বীকৃতি লাভ করেছেন ড. অরূপরতন চৌধুরী।